

## ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার জেলা কার্যালয়ের আওতাধীন ২০২৪-২০২৫ অর্থবছরের ২য় ব্যাচ (জানুয়ারি-জুন/২০২৫ খ্রি.) সেশনে নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সসমূহে প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যে দরখাস্ত/আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রশিক্ষণের ভর্তি সংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত হলো:

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	কোর্সের ধরণ	আসন সংখ্যা	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময় এবং ফলাফল	ভর্তির তারিখ ও সময়
১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন	৬ মাস	১০০০/-	এইচএসসি/সমমান	অনাবাসিক	৮০ জন	২৯/১২/২০২৪ বিকাল- ৪টা পর্যন্ত	৩০/১২/২০২৪ সকাল-৯.০০টা থেকে ৩টা	৩১/১২/২০২৪ বেলা: ৯.০০ টা- ৪.০০ টা
২) ইলেকট্রনিক্স	৬ মাস	৩০০/-	অষ্টম শ্রেণি	অনাবাসিক	৩০ জন			
৩) রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	৬ মাস	৩০০/-	অষ্টম শ্রেণি	অনাবাসিক	৩০ জন			

### ভর্তির শর্তাবলি

- ০১। বর্ণিত কোর্স/কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮-৩৫ বছর এবং কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ০২। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৩। এটুআই (a2i) এর সাথে যৌথভাবে NiSE ভুক্ত সকল জেলা অনলাইনে <https://dyd.nise.gov.bd/course> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- ০৪। আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৫। দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে পারবে।
- ০৬। আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (খ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের (স্থানীয় ইউনিয়ন/পৌরসভা মেয়র কর্তৃক) সত্যায়িত ফটোকপি। (গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি। (ঘ) মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৭। দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ০৮। সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- ০৯। ভর্তির ব্যাপারে বাছাই কমিটি সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাছাইকালীন সময়ে বাতিল হবে।
- ১০। সাক্ষাৎকারের সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদপত্র প্রদর্শন করতে হবে।
- ১১। ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আই ডি, Whatsapp no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।
- ১২। ভর্তি বিজ্ঞপ্তি যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার জেলার ওয়েব পোর্টাল- [www.youth.coxsbazar.gov.bd](http://www.youth.coxsbazar.gov.bd) সহ নোটিশ বোর্ডে দেয়া আছে।
- ১৩। আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১৪। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিকভাবে পরিচালিত হবে। ইলেকট্রনিক্স এবং রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য দৈনিক যাতায়াত ভাতা (উপস্থিতির ভিত্তিতে) দেয়া হবে।

যোগাযোগ: অফিস, যুব ভবন  
যুব উন্নয়ন অধিদপ্তর, লিংকরোড, কক্সবাজার।  
মোবা: 01814334334 / 01689192336 / 01676878383

(মো: মোরাজ্জেম হোসেন)  
উপপরিচালক

### বিতরণ:

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন/অর্থ/প্রশিক্ষণ/বাস্তবায়ন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, .....(সংশ্লিষ্ট), কক্সবাজার।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, .....উপজেলা, কক্সবাজার।
- ০৬। প্রশিক্ষক ও সহকারী প্রশিক্ষক.....যুব উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার।
- ০৭। সম্পাদক, দৈনিক .....(সকল), কক্সবাজার।
- ০৮। সংশ্লিষ্ট নোটিশ বোর্ড/অফিস কপি।